

স্মারক নং-৪৬.০০.০০০০.০৮৫.০১৪.০৮৫.২০১৭-৩

তারিখ : ০২/০১/২০১৮ খ্রিঃ

বিষয় : ঢাকা ওয়াসার 'Dhaka Environmentally Sustainable Water Supply Project (DESWSP)' শীর্ষক প্রকল্পটি বাস্তবায়নের লক্ষ্যে নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ উপজেলাধীন ৮টি মৌজায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আওতাধীন ২২.৩৯৯৬ একর জমি ঢাকা ওয়াসার অনুকূলে হস্তান্তর প্রসংগে।


- সূত্র : (১) ঢাকা ওয়াসার স্মারক নং-৪৬.১১৩.৬১৮.০০.G-০৪/DESWSP/৩৪৬৫, তারিখঃ ৩০/১১/২০১৭
(২) ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং-৩১.০০.০০০০.০৪৭.৫২.০৮১.১৭-৩৬২, তারিখঃ ২৮/০৯/২০১৭
(৩) ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং-৩১.০০.০০০০.০৪৭.৫২.০৮০.১৭-৩৬৩, তারিখঃ ২৮/০৯/২০১৭

ঢাকা মহানগরীর পানি সরবরাহ ব্যবস্থা উন্নয়নের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের আওতায় ঢাকা ওয়াসার 'Dhaka Environmentally Sustainable Water Supply Project (DESWSP)' শীর্ষক প্রকল্পটি গৃহিত হয়েছে। এ প্রকল্পের মাধ্যমে মেঘনা নদী থেকে পানি উত্তোলন ও পরিশোধনপূর্বক দৈনিক ৫০ কোটি লিটার সুপেয় পানি মহানগরবাসীর জন্য সরবরাহ করা হবে। প্রকল্পটি বৈদেশিক উন্নয়ন সহযোগী সংস্থা এবং বাংলাদেশ সরকারের অর্থায়নে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পের পানি শোধনাগার ও পানির ট্রান্সমিশন পাইপ লাইন স্থাপনের জন্য স্থানীয় সরকার বিভাগের ১২/০২/২০১৭ তারিখের ১০৪ এবং ১৭/০৫/২০১৭ তারিখের ৩৩২ নং স্মারকে নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ উপজেলাধীন বিভিন্ন মৌজায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আওতাধীন যথাক্রমে ২৩.৬৬৯৬ ও ৪.৬৯ একর সর্বমোট ২৮.৩৫৯৬ একর জমি ঢাকা ওয়াসার অনুকূলে হস্তান্তরের নিমিত্ত ভূমি মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয় (কপি সংযুক্ত)। রূপগঞ্জ এলাকায় পানির পাইপ লাইন স্থাপনের এলাইনমেন্ট পরিবর্তন হওয়ায় পূর্বের ২টি প্রস্তাবে মোট (২৩.৬৬৯৬ + ৪.৬৯) = ২৮.৩৫৯৬ একরের স্থলে বর্তমানে সংশোধিত এলাইনমেন্টে ৮টি মৌজায় ২২.৩৯৯৬ একর জমির প্রয়োজন হবে মর্মে ঢাকা ওয়াসা জানিয়েছে। উল্লেখ্য, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক ১৯৮৯-৯০ ও ১৯৯১-৯২ সনে সেচ প্রকল্পের আওতায় উক্ত জমি অধিগ্রহণ করা হয় যা বর্তমানে জলাশয়/ডেবা অবস্থায় আছে। প্রকল্প বাস্তবায়নের স্বার্থে উক্ত ২২.৩৯৯৬ একর জমি ঢাকা ওয়াসার অনুকূলে হস্তান্তরের লক্ষ্যে ভূমি মন্ত্রণালয়ের সূত্রসহ ২ ও ৩ নং স্মারকের চাহিদা মোতাবেক স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ম্যানুয়েল-১৯৯৭ এর অধিগ্রহণ সংক্রান্ত বিধানাবলীর ৭৫(ক) অনুচ্ছেদ মোতাবেক নিম্নোক্ত কাগজপত্র ৩(তিন) ফর্দসহ সংশোধিত প্রস্তাব প্রেরণ করা হলো :

- (১) প্রস্তাবিত জমির নকশা যা লাল কালিতে সীমানা চিহ্নিত ;
- (২) পূর্বের অধিগ্রহণ কেসের নম্বরসহ দাগসূচী ; এবং
- (৩) প্রস্তাবিত প্রকল্পের জন্য আর্থিক বরাদ্দের পত্র।

এমতাবস্থায়, বর্ণিত উন্নয়ন প্রকল্পটি বাস্তবায়নের লক্ষ্যে উল্লিখিত ২২.৩৯৯৬ একর জমি ঢাকা ওয়াসার অনুকূলে হস্তান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।


(ড. কে এম কামরুজ্জামান সেলিম)
উপসচিব
ফোনঃ ৯৫৪০৩৭০
watersupply_02@yahoo.com

সচিব

ভূমি মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

(দৃঃ আঃ উপসচিব, অধিগ্রহণ অধিশাখা-১)।

অনুলিপিঃ (সদয় অবগতি ও কার্যার্থে)

১। অতিরিক্ত সচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ।

২। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা, কাওরান বাজার, ঢাকা।

৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

৪। প্রকল্প পরিচালক, Dhaka Environmentally Sustainable Water Supply Project, ঢাকা ওয়াসা।

৫। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।